# ব্যবহারের নির্দেশাবলী

## ইনজেকশনের জন্য রাসফার্টাইড (পিটিজি-300), সাবকুটেনিয়াস ব্যবহারের জন্য


এই “ব্যবহারের নির্দেশাবলী” তে কিভাবে পিটিজি-300 প্রস্তুত করতে হবে ও ইনজেকশন দিতে হবে তার তথ্য রয়েছে।

কিভাবে পিটিজি-300 প্রস্তুত করতে এবং/বা ইনজেকশন দিতে হবে সেই বিষয়ে আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার ক্লিনিকাল সাইটে যোগাযোগ করুন।

## পিটিজি-300 ইনজেকশন দেওয়ার আগে আপনার জানার জন্য জরুরী তথ্য

- **পিটিজি-300 এর প্রস্তুতি ও ইনজেকশন দেওয়া শুরু করার আগে নিম্নলিখিত সমস্ত ব্যবহারের নির্দেশাবলী পড়ুন।.**
- শুধুমাত্র ওষুধের কিটের সঙ্গে সরবরাহ করা সরঞ্জামগুলি ব্যবহার করুন।
- কিট-এর মেয়াদ শেষ হয়ে গেলে বা সরবরাহ করা কোন সরঞ্জাম খোলা, ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে বা কিটে না থাকলে, কিটটি ব্যবহার **করবেন না।** ক্লিনিকাল সাইটের সঙ্গে যোগাযোগ করুন।
- আপনি এটি ঘরের তাপমাত্রায় উষ্ণ করার অনুমতি দেওয়ার জন্য, প্রস্তুতি শুরু করার কমপক্ষে 15 মিনিট আগে রেফ্রিজারেটর থেকে কিটটি বের করে নিন।
- প্রতিবার ইনজেকশন দেওয়ার সময়, আপনার ওষুধের কিট ছাড়াও আপনার একটি শার্পস কন্টেইনার-এর (ক্লিনিকাল সাইটের সরবরাহ করা) প্রয়োজন হবে।
- ভায়ালের উপরে ধূসর রঙের রবারের ঢাকনাটা স্পর্শ **করবেন না।**
- আপনার হাত বা কোন পৃষ্ঠের সঙ্গে সিরিঞ্জের ডগা বা সূঁচকে স্পর্শ **করাবেন না।**
- শুধুমাত্র সাবকুটেনিয়াস ইনজেকশনের জন্য (ঠিক ত্বকের নীচে ফ্যাটি লেয়ারের মধ্যে ইনজেকশন দিন)।
- নিরাপদে হ্যান্ডলিং সহ, কিট থেকে সঠিক কিভাবে ফেলে দিতে হবে বা কিটে সরবরাহ করা সরঞ্জাম ফেরত দিতে হবে সে সম্পর্কে জানতে রাসফার্টাইড (পিটিজি-300) এর বাতিল সম্পর্কিত বিভাগটি দেখুন।

## ব্যবহারের আগে পিটিজি-300 সংরক্ষণ




চিত্র-এ

- পিটিজি-300 কিট রেফ্রিজারেটরে সংরক্ষণ করুন (2° থেকে 8°সে / 36° থেকে 46°ফা) (চিত্র-এ)।
- হিমায়িত **করবেন না।**
- **বাচ্চাদের নাগালের বাইরে রাখুন।**

## ধাপ 1: শুরু করা

### 1.1



চিত্র-বি

- আপনি ডোজ প্রস্তুত করতে শুরু করার কমপক্ষে 15 মিনিট আগে রেফ্রিজারেটর থেকে কিটটি বের করে নিন (চিত্র-বি)।
- একটি পরিষ্কার সমতল পৃষ্ঠে রাখুন এবং **কমপক্ষে 15 মিনিটের জন্য থিতু হতে দিন,** যাতে এটি ঘরের তাপমাত্রায় চলে আসে।


### 1.2



চিত্র-সি

- সাবান ও জল দিয়ে হাত ধুয়ে ফেলুন (চিত্র-সি)।

### 1.3




চিত্র-ডি

- কিটের বাক্সের বাইরে **মেয়াদ শেষ হওয়ার তারিখটি** দেখুন (চিত্র-ডি)।
- সরবরাহ করা জিনিসগুলি **খোলা, ক্ষতিগ্রস্থ বা কিটে নেই** কিনা তা পরীক্ষা করুন।
- কিট-এর মেয়াদ শেষ হয়ে গেলে বা সরবরাহ করা কোন জিনিস খোলা, ক্ষতিগ্রস্ত হলে বা কিটে না থাকলে, কিটটি ব্যবহার **করবেন না।** ক্লিনিকাল সাইটে যোগাযোগ করুন।

### 1.4




চিত্র - ই

- কিট থেকে জিনিসগুলি বের করুন (চিত্র-ই) এবং একটা পরিষ্কার সমতল স্থানে রাখুন।

**দ্রষ্টব্য:** কিটে থাকা জিনিসপত্র ছাড়াও, আপনার একটা শার্পস কন্টেইনারেরও দরকার হবে (চিত্র-এফ)।



শার্পস কন্টেইনার (আলাদা করে দেওয়া হয়েছে)

চিত্র - এফ

## ধাপ 2: ডাইলুয়েন্ট সিরিঞ্জ প্রস্তুত করা

*পরের পাতায় দেখুন*

### 2.1



চিত্র - জি

- ডাইলুয়েন্ট এর ভায়ালের নীল ঢাকনাটা খুলুন (চিত্র-জি)।

### 2.2




চিত্র - এইচ

- ডাইলুয়েন্ট এর ভায়ালের ধূসর রঙের রবারের ঢাকনির উপরটা অ্যালকোহল সোয়াব দিয়ে মুছে দিন (চিত্র-এইচ)। ব্যবহৃত সোয়াবটি ফেলে দিন।

পরিষ্কার করার পরে ভায়ালের ধূসর রবারের ঢাকনির উপরটা আর আপনার হাত দিয়ে স্পর্শ **করবেন না।**

### 2.3





চিত্র – আই

- অ্যাডাপ্টার-এর প্যাকেট থেকে একটা ভায়াল অ্যাডাপ্টার বের করে নিন (চিত্র-আই)।

অ্যাডাপ্টার-এর স্পাইক স্পর্শ **করবেন না।**

### 2.4






চিত্র - জে

- একটা পরিষ্কার সমতলের উপরে ডাইলুয়েন্ট ভায়ালটি ধরে রেখে ও ভায়াল অ্যাডাপ্টারটি এর উপরে রেখে সোজা নিচের দিকে ঠেলে দিয়ে অ্যাডাপ্টারটিকে ডাইলুয়েন্ট ভায়ালের সঙ্গে আটকে দিন (চিত্র-জে)।

**দ্রষ্টব্য:** ভায়াল অ্যাডাপ্টার-এর স্পাইক ধূসর রবার ঢাকনি ফুটো করে ভিতরে ঢুকে যাওয়া উচিৎ।

## ধাপ 2: ডাইলুয়েন্ট সিরিঞ্জ প্রস্তুতি *(আগের পাতার জের)*

### 2.5




চিত্র - কে

- একহাতে ভায়াল অ্যাডাপ্টার ধরে রেখে এবং অন্য হাত দিয়ে স্বচ্ছ ভায়াল অ্যাডাপ্টারের ঢাকনাটি ঘড়ির কাঁটার উল্টোদিকে/বাঁদিকে ঘোরাতে থাকুন, যতক্ষণ না এটা খুলে আসে (চিত্র-কে)। ভায়াল অ্যাডাপ্টারের ঢাকনাটি ফেলে দিন।

ভায়াল অ্যাডাপ্টারের ডগাটি স্পর্শ **করবেন না**।

### 2.6




চিত্র - এল

- সিরিঞ্জটিকে এর প্যাকেট থেকে বের করুন (চিত্র-এল)।

সিরিঞ্জের ডগার সঙ্গে আপনার হাত বা কোন জিনিসে স্পর্শ **করাবেন না**।

### 2.7




চিত্র – এম

- একটা পরিষ্কার সমতলের উপরে ধরে রেখে ডাইলুয়েন্ট ভায়াল অ্যাডাপ্টার-এর সঙ্গে সিরিঞ্জটিকে লাগান এবং ঘড়ির কাঁটার দিকে/ডানদিকে প্যাঁচ দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে সিরিঞ্জকে আটকাতে থাকুন যতক্ষণ না শক্ত হয়ে এঁটে বসে (চিত্র-এম)।

বেশি টাইট **করবেন না**


### 2.8



চিত্র – এন

- উপরের দিক নীচে করে উল্টিয়ে দিন, যাতে এখন ডাইলুয়েন্ট ভায়ালটি উপরের দিকে থাকে (চিত্র-এন)।

### 2.9




চিত্র - ও

- ধীরে ধীরে প্লাঞ্জার নীচের দিকে নামিয়ে সবটা তরল ডাইলুয়েন্ট সিরিঞ্জে টেনে নিন।
- যতটা পারেন ততটা তরল টেনে নিন (চিত্র-ও), এমনকী, সিরিঞ্জে একটু বাতাস ঢুকলেও ক্ষতি নেই।

ভায়ালে কয়েক ফোঁটা তরল অবশিষ্ট থাকাটা স্বাভাবিক। তবে, যতটা পারেন ততটা তরল আপনাকে সিরিঞ্জে টেনে নিতে হবে।

**সতর্ক থাকবেন**, যেন প্লাঞ্জারটি সিরিঞ্জ থেকে টেনে একেবারে বের করে দেবেন **না**।

### 2.10





চিত্র - পি

- এক হাত দিয়ে সিরিঞ্জ ধরে, অন্য হাত দিয়ে ভায়াল অ্যাডাপ্টার চেপে ধরুন এবং ঘড়ির কাঁটার উল্টো দিকে/বামদিকে ঘুরিয়ে ভায়াল ব্যবস্থাটি (ভায়াল ও ভায়াল অ্যাডাপ্টার) ভর্তি সিরিঞ্জ থেকে খুলে নিন (চিত্র-পি)।

ব্যবহৃত ভায়ালটি ফেলে **দেবেন না**। সংযুক্ত অ্যাডাপ্টার সমেত ব্যবহৃত ভায়ালটি ক্লিনিকাল সাইটে ফেরত দিন।

### 2.11




চিত্র - কিউ

- পরিষ্কার একটা সমতল জায়গাতে একপাশে সিরিঞ্জটি রাখুন। সিরিঞ্জের ডগা আপনার হাত দিয়ে স্পর্শ করবেন না বা কোন জায়গাতে ঠেকাবেন না (চিত্র-কিউ)।

## ধাপ 3: রাসফার্টাইড (পিটিজি-300) সিরিঞ্জ প্রস্তুত করা

*পরের পাতায় দেখুন*

### 3.1




চিত্র – আর

- পিটিজি-300 ওষুধের ভায়ালের পাশের লেবেলটি ছিঁড়ে ফেলুন, যাতে আপনি ভায়ালের ভিতরটা দেখতে পান (চিত্র-আর)।

লেবেলের পুরোটা ছিঁড়বেন **না**।

### 3.2



চিত্র - এস

- পিটিজি-300 ওষুধের ভায়ালের সাদা ঢাকনাটি খুলুন (চিত্র-এস)।

### 3.3




চিত্র - টি

- পিটিজি-300 ওষুধের ভায়ালের ধূসর রবারের ঢাকনির উপরটা নতুন একটা অ্যালকোহল সোয়াব দিয়ে মুছে দিন (চিত্র-টি)। ব্যবহৃত সোয়াবটি ফেলে দিন।

পরিষ্কার করার পরে ভায়ালের ধূসর রবারের ঢাকনির উপরটা আর আপনার হাত দিয়ে স্পর্শ **করবেন না**।

### 3.4




চিত্র – ইউ

- অ্যাডাপ্টার-এর প্যাকেট থেকে আর একটা ভায়াল অ্যাডাপ্টার বের করুন (চিত্র-ইউ)।

অ্যাডাপ্টারের স্পাইক স্পর্শ **করবেন না**।

### 3.5




চিত্র – ভি

- একটা পরিষ্কার সমতলের উপরে ওষুধের ভায়ালটি ধরে রেখে ও ভায়াল অ্যাডাপ্টারটি এর উপরে রেখে সোজা নীচের দিকে ঠেলে দিয়ে অ্যাডাপ্টারটিকে ভায়ালের সঙ্গে আটকে দিন (চিত্র-ভি)।

**দ্রষ্টব্য:** ভায়াল অ্যাডাপ্টার-এর উপরে থাকা স্পাইক ধূসর রবার ঢাকনি ফুটো করে ভিতরে ঢুকে যাওয়া উচিৎ।

# ধাপ 3: রাসফার্টাইড (পিটিজি-300) সিরিঞ্জ প্রস্তুত করা *(আগের পাতার জের)*

**3.6**




চিত্র - ডব্লিউ

- একহাতে ভায়াল অ্যাডাপ্টার ধরে রেখে এবং অন্য হাত দিয়ে স্বচ্ছ ভায়াল অ্যাডাপ্টারের ঢাকনাটি ঘড়ির কাঁটার উল্টোদিকে/বাঁদিকে ঘোরাতে থাকুন, যতক্ষণ না এটা খুলে আসে (চিত্র-ডব্লিউ)। ভায়াল অ্যাডাপ্টারের ঢাকনাটি ফেলে দিন।

ভায়াল অ্যাডাপ্টারের ডগাটি স্পর্শ **করবেন না**।

**3.7**




চিত্র – এক্স

- একটা পরিষ্কার সমতলের উপরে ডাইলুয়েন্টটি রেখে পিটিজি-300 ভায়াল অ্যাডাপ্টার-এর সঙ্গে সিরিঞ্জটিকে লাগান এবং ঘড়ির কাঁটার দিকে/ডানদিকে প্যাঁচ দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে সিরিঞ্জকে আটকাতে থাকুন যতক্ষণ না শক্ত হয়ে এঁটে বসে (চিত্র-এক্স)।

অতিরিক্ত টাইট **করবেন না**।

**3.8**




চিত্র - ওয়াই

- **আস্তে আস্তে** সিরিঞ্জের প্লাঞ্জার পুরোটা ঠেলে দিয়ে ওষুধের ভায়ালের মধ্যে ডাইলুয়েন্ট প্রবেশ করান যতক্ষণ না পুরোটা ঢুকে যায় (চিত্র-ওয়াই)।

**3.9**

<u>60 সেকেন্ডের</u> জন্য
আস্তে আস্তে
ঘোরাতে থাকুন



চিত্র – জেড

- ধীরে ধীরে ও হালকা হাতে ওষুধের ভায়ালটি **অন্তত 60 সেকেন্ড ধরে** ঘুরিয়ে ফিরিয়ে ডাইলুয়েন্ট ও ওষুধ মিশিয়ে নিন (চিত্র-জেড)। ওষুধে কিছুটা ফেনা থাকতে পারে।

ঝাঁকাবেন **না**।

**দ্রষ্টব্য:** মিশ্রন তৈরীর পরে 4 ঘন্টার মধ্যে ওষুধটি ইনজেকট করুন।

**3.10**


**<u>60 সেকেন্ডের</u> জন্য ভায়ালটিকে স্থির হতে দিন।**



চিত্র – এএ

- ভায়ালটি একটা পরিষ্কার সমতলের উপরে রাখুন এবং কমপক্ষে **60** সেকেন্ডের জন্য স্থির রাখুন, যাতে তরলটি স্থির হয় ও ফেনাগুলি মিলিয়ে যায় (চিত্র-এএ)।

**3.11**




চিত্র – এবি

- তরল একবার স্থির হয়ে গেলে, তরলটি দেখুন (চিত্র-এবি)। এটা হালকা ফেনা সহ স্বচ্ছ, বর্ণহীন হবে, এবং এতে কোন কণা দেখা যাবে না।

তরল রঙিন দেখতে হলে বা তাতে কোন কণা দেখা গেলে, ঐ ভায়ালটি ব্যবহার **করবেন না**।


**3.12**



চিত্র - এসি

- উল্টো করে ঘুরিয়ে নিন, যাতে পিটিজি-300 ওষুধের ভায়ালটি এখন উপরের দিকে চলে যায় (চিত্র-এসি)।

**3.13**



চিত্র এডি

- ধীরে ধীরে প্লাঞ্জার নীচের দিকে টেনে মিশ্রিত ওষুধের সবটা সিরিঞ্জে ভরে নিন (চিত্র-এডি)। ভায়ালে কয়েক ফোঁটা তরল অবশিষ্ট থাকাটা স্বাভাবিক।


**সতর্ক থাকবেন,** প্লাঞ্জারটি সিরিঞ্জ থেকে টেনে একেবারে বের করে **দেবেন না**।

**দ্রষ্টব্য:** যদি প্রচুর পরিমাণে বাতাস দেখা যায় তবে ধীরে ধীরে বাতাসটিকে ভায়ালে ফিরিয়ে দিন যাতে সিরিঞ্জটি কেবল তরল দিয়ে পূর্ণ হয়।

*পরের পাতায় দেখুন*

**3.14**

**ভায়াল ব্যবস্থা আলাদা করতে অ্যাডাপ্টারকে চেপে ধরুন**




চিত্র - এই

- এক হাত দিয়ে সিরিঞ্জ ধরে, অন্য হাত দিয়ে ভায়াল অ্যাডাপ্টার চেপে ধরুন এবং ঘড়ির কাঁটার উল্টো দিকে/বামদিকে ঘুরিয়ে ভায়াল ব্যবস্থাটি (ভায়াল ও ভায়াল অ্যাডাপ্টার) ভর্তি সিরিঞ্জ থেকে খুলে নিন (চিত্র-এই)।

ব্যবহৃত ভায়ালটি ফেলে **দেবেন না**। সংযুক্ত অ্যাডাপ্টার সমেত ব্যবহৃত ভায়ালটি ক্লিনিকাল সাইটে ফেরত দিন।


**3.15**



চিত্র - এএফ

- একটা পরিষ্কার সমতলের উপরে ভর্তি সিরিঞ্জকে একপাশে থিতু হতে দিন। আপনার হাত বা কোন পৃষ্ঠের সঙ্গে সিরিঞ্জের ডগা স্পর্শ করাবেন না (চিত্র-এএফ)।

**3.16**




চিত্র – এজি

- মোড়ক থেকে সূঁচ বের করুন (চিত্র-এজি)।

সূঁচের নিচের দিক/খোলা মুখ স্পর্শ **করবেন না**।


**3.17**



চিত্র – এএইচ

- এক হাত দিয়ে সিরিঞ্জ ধরে, সূঁচটিকে ঘড়ির কাঁটার দিকে/ডানদিকে প্যাঁচ দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে সিরিঞ্জের সঙ্গে আটকাতে থাকুন যতক্ষণ না শক্ত হয়ে এঁটে বসে (চিত্র-এএইচ)।

**3.18**




চিত্র - এআই

- প্রস্তুত করা সিরিঞ্জটি একটা পরিষ্কার সমতলের উপরে একপাশে সরিয়ে রাখুন (চিত্র-এআই)।

## ধাপ 4: ইনজেকশন দেওয়ার স্থান প্রস্তুত করা

**4.1**

ফ্রন্ট ভিউ




চিত্র - এজে

- নীচে দেওয়া সুপারিশ করা ইনজেকশন সাইটগুলির একটি বেছে নিন (চিত্র-এজে):
  - **পেট** (নাভি [বেলি বাটন] থেকে কমপক্ষে 2 ইঞ্চি দূরে)
  - **উরুর মাঝামাঝি অংশ**
  - আপনি যদি একজন পরিচর্যাকারী হন, যিনি ইনজেকশন প্রস্তুত এবং প্রয়োগ করছেন, তবে আপনি প্রয়োজনে রোগীর উপরের বাহুর বাইরের অংশটিও ব্যবহার করতে পারেন।

এমন কোন স্থান নির্বাচন **করবেন না** যেখানে ত্বক কোমল, ক্ষতযুক্ত, লাল, সমস্যাযুক্ত, শক্ত বা ফাটা।

একই জায়গায় পরপর দুবার ইনজেকশন **দেবেন না**। ঘুরিয়ে ফিরিয়ে ইনজেকশনের সাইট নির্বাচন করুন। প্রয়োজনে আপনার ইনজেকশন সাইটগুলি লিখে রাখুন বা লগ করুন।

**4.2**




চিত্র – একে

- একটা নতুন অ্যালকোহল সোয়াব দিয়ে পছন্দ করা ইনজেকশনের সাইটটি পরিষ্কার করুন (চিত্র-একে)। ব্যবহৃত সোয়াবটি ফেলে দিন।
- বাতাসের সংস্পর্শে শুকিয়ে যেতে দিন।

## ধাপ 5: রাসফার্টাইড (পিটিজি-300) ইনজেকশন প্রয়োগ


**5.1**



চিত্র – এএল

- গোলাপি সূঁচের ঢাকনাটি পিছনে টানুন (চিত্র-এএল)।


**5.2**



চিত্র - এএম

- এক হাতে সিরিঞ্জ ধরে রেখে সূঁচের ঢাকনা সরান এবং অন্য হাত দিয়ে **শক্তভাবে সোজা ক্যাপটি টেনে** বের করে নিন (চিত্র-এএম)।
- ঢাকনা টেনে বের করার সময় আপনার হাতটি সূঁচ থেকে দূরে সরিয়ে রাখুন, যাতে আপনার হাতে সূঁচ ফুটে না যায়।


**5.3**



চিত্র – এএন

- প্রয়োজনে সিরিঞ্জ থেকে বাতাস বের করে দিন (চিত্র-এএন)। এটা করতে হলে:
  - সূঁচের ডগা সোজা উপরের দিকে করে সিরিঞ্জটি সোজা করে ধরুন।
  - কোন বাতাস বা বুদবুদ সিরিঞ্জের ডগায় আনার জন্য সিরিঞ্জে টোকা মারুন।
  - বাতাস বা বুদবুদ বের করার জন্য ধীরে ধীরে এবং সাবধানে সিরিঞ্জ প্লাঞ্জারটি ঠেলুন। সূঁচের ডগায় তরল দেখা গেলে ঠেলা দেওয়া বন্ধ করুন।
  - 1 থেকে 2 ফোঁটার বেশি তরল বের করা উচিৎ নয়। একটি ছোট বাতাসের ফাঁক/বুদবুদ সিরিঞ্জে রয়ে গেলে সেটা ঠিক আছে।


**5.4**



চিত্র - এও

- ইনজেকশন সাইটের ত্বক চিমটে ধরতে এক হাত ব্যবহার করুন (চিত্র-এও)। এতে আপনার ত্বকের ঠিক নীচের ফ্যাটি টিস্যুতে সূঁচ ঢোকানোর সুবিধা হবে।


**5.5**




চিত্র - এপি

- চিমটিয়ে ধরা চামড়ার মধ্যে 45-90 ডিগ্রী কোন করে সূঁচ ঢুকিয়ে দিন (চিত্র-এপি)।
- এরপরে চিমটানো চামড়াটা ছেড়ে দিন।

**5.6**




চিত্র - একিউ

- **পিটিজি-300 ওষুধের সবটা প্রবেশ করানোর জন্য ধীরে ধীরে প্লাঞ্জারটি ঠেলুন** (চিত্র-একিউ)।
- তরলের সবটা একবার ইনজেকশন করা হয়ে গেলে, আপনি যে কোন করে সূঁচটি ঢুকিয়েছিলেন, সেই কোনেই চামড়া থেকে সূঁচ সমেত সিরিঞ্জ টেনে বের করে নিন।

## ধাপ 6: রাসফার্টাইড (পিটিজি-300) ফেলে দেওয়া


**6.1**



চিত্র - এআর

- সূঁচের গোলাপি ঢাকনাটা সাবধানে সূঁচে পরিয়ে দিন, যতক্ষণ না এটি ঠিকমতো বসে যায় এবং পুরো সূঁচকে ঢেকে দেয় (চিত্র-এআর)।

**6.2**



চিত্র – এএস


- অবিলম্বে ব্যবহৃত সিরিঞ্জটি শার্পস কন্টেইনারে রাখুন (চিত্র-এএস)।

আপনার বাড়ির আবর্জনার মধ্যে সূঁচ ও সিরিঞ্জ ফেলবেন **না**।

এই সূঁচ ও সিরিঞ্জ পুনরায় ব্যবহার করা উচিৎ নয়।

শার্পস কন্টেইনারকে সবসময় বাচ্চাদের নাগালের বাইরে রাখুন।

**6.3**




চিত্র – এটি

- **সংযুক্ত অ্যাডাপ্টার সহ ব্যবহৃত উভয় ভায়াল ক্লিনিকাল সাইটে ফেরত দিন** (চিত্র-এটি)।
- **অন্যান্য উপকরণ গৃহস্থালির আবর্জনার মধ্যে ফেলে দিন**। ব্যবহৃত **ভায়ালের** ঢাকনা, ব্যবহৃত অ্যালকোহল সোয়াব এবং খোলা প্যাকেট, পরিবারের আবর্জনা ফেলার জায়গাতে ফেলা যেতে পারে।

## অতিরিক্ত তথ্য

- **কিভাবে পিটিজি – 300 ব্যবহার করতে হয় সেই সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য ক্লিনিকাল সাইটে যোগাযোগ করুন।**